

SWASTI SERVICE CENTRE

Supplier of Nurse, Aaya and Maid Servant

15/B, Naren Sarkar Road, Pin: - 700008

Kolkata, West Bengal, India

www.swastiservicecentre.com

শর্তাবলী :-

এই সংস্থায় অংশগ্রহণ করিতে হইলে আপনাকে অবশ্যই সেবার ব্রত লইয়া অংশগ্রহণ করিতে হইবে। নিজেকে একজন নির্ভাবতী সৎ সেবিকা বলিয়া ভাবিতে হইবে।

যেহেতু উক্ত কার্য পয়সার বিনিময়ে সেবা, সেহেতু আপনাকে সদাসর্বদা বাড়িতে গৃহস্থালির কার্য শিশু / রোগীর সেবায় মন, প্রাণ, শ্রম এক করিয়া সেবা করিতে হইবে।

আপনার অবগতির জন্য আপনাকে জানানো যাইতেছে যে, উক্ত কার্য সম্পূর্ণ রূপে সাময়িক, আপনি কখনো উক্ত কাজকে চিরস্থায়ী বলিয়া দাবি করিতে পারিবেন না।

- (১) আপনি যে বাড়িতে কিংবা নার্সিংহোমে কাজ করিবেন, উক্ত কাজের সময় সীমার মধ্যে আপনি যদি কোন অবাঞ্ছনীয় / অপরাধ মূলক কাজ করেন তাহা হইলে সেই সমস্যার সমাধান আপনাকেই করিতে হইবে। আমাদের সংস্থা আপনাকে এই ব্যাপারে কোন প্রকার সাহায্য করিবে না।
- (২) আপনি উক্ত সংস্থায় সদস্যপদ গ্রহণ করিবার পর সংস্থাকে না জানাইয়া যদি সরাসরি অন্য কোন ভিন্ন সংস্থার মাধ্যমে কাজ করেন এবং তা যদি প্রমানিত হয়, তাহা হইলে উক্ত সংস্থা হইতে আপনার সদস্যপদ বাতিল হইয়া যাইবে।
- (৩) আপনি উক্ত সংস্থার সদস্যপদ হইতে বাতিল / বহিস্কৃত হওয়ার পর, আমাদের দেওয়া কোন বাড়ি / নার্সিংহোমের কাজে সরাসরি নিয়োগ হতে পারিবেন না।

- (৪) ডিউটি চলাকালীন ছুটির আবেদন ছাড়াই যদি হঠাৎ কাজে অনুপস্থিত হন, তাহা হইলে আপনার একদিনের পারিশ্রমিকের টাকা কাটয়া লওয়া হইবে। উক্ত পারিশ্রমিকের টাকা যে সদস্য সেই দিন আপনার কর্মস্থলে কাজ করিবেন, সংস্থা তাহাকে আপনার একদিনের টাকা বোনাস স্বরূপ প্রদান করিবেন। ইহাতে কোন প্রকার অজুহাত গ্রাহ্য হইবে না।
- (৫) যে সকল সদস্য ২৪ ঘন্টা বাড়িতে থাকিয়া কাজ করিবেন তাঁহারা প্রতি ২ মাস অন্তর এবং পশ্চিমবঙ্গের বাইরে ৬ মাস / ১ বছর অন্তর ছুটি লইতে পারিবেন। এর পূর্বে কোন প্রকার ছুটি ধার্য হইবে না।
- (৬) আপনি আপনার কর্মস্থলে সংস্থার বিপক্ষে কোন রকম প্ররোচনা মূলক কথোপকথন / সমালোচনা সুলভ কথাবার্তা বলিয়া সংস্থার বদনাম করিয়াছেন বলিয়া প্রমানিত হইলে আপনাকে সংস্থা হইতে তৎক্ষণাৎ বহিস্কার করা হইবে।
- (৭) যদি কোন কারনে পরপর তিনমাস এই সংস্থায় যোগাযোগ না রাখেন তাহা হইলে আপনার সংস্থার সদস্যপদ বাতিল বলিয়া গন্য হইবে, পুনরায় কাজে অংশগ্রহণ করিতে হইলে সম্পূর্ণ নতুন ভাবে নাম নথিভুক্ত করিতে হইবে।

উপরে উল্লিখিত সব শর্তাবলী ভালো করিয়া পড়িয়া / বুঝিয়া স্বত্তানে স্বাক্ষর করিলাম এবং শর্তাবলী মানিয়া চলিবার প্রতিশ্রুতি দিলাম।

আমি আবেদনকারী উক্ত আবেদনপত্রের সহিত যে সকল প্রমানপত্র জমা দিলাম তাহা জ্ঞানত সঠিক এবং সত্য।

.....
স্বাক্ষর

তারিখ

-ঃ নিয়মাবলী ঃ-

- ১। কোম্পানীর প্রয়োজনে যে কোনও সময়ে যে কোনও জায়গায় বদলি হইবে। বদলির ব্যাপারে কোনও আপত্তি চলিবে না।
- ২। ছুটির প্রয়োজন হইলে অন্ততঃ ৭ দিন আগে অফিসে আবেদন করিতে হইবে।
- ৩। না জানাইয়া অনুপস্থিতির জন্য প্রয়োজনে কোম্পানী আর্থিক জরিমানা / সাসপেন্ড / বদলি করিতে পারিবে।
- ৪। পরবর্তী আয়া না আসা পর্যন্ত ডিউটি দিতে হইবে। পরবর্তী আয়া না আসা পর্যন্ত কর্তব্যস্থল ছাড়িয়া গেলে কোম্পানী প্রদত্ত যে কোনও শাস্তি বহন করিতে হইবে।
- ৫। কয়েকদিন কাজ করিবার পর নোটিশ ছাড়া কোনও সেবিকা যদি কাজ ছেড়ে চলে যায় সেই কাজের পারিশ্রমিক কোম্পানী দিতে বাধ্য নহে।
- ৬। কর্তব্যে গাফিলতি বা কোন প্রকার অভিযোগ হইলে শাস্তি পাইতে হইবে।
- ৭। 'নো ওয়ার্ক নো পে' -এর ভিত্তিতে কাজ করিতে হইবে।
- ৮। কেউ কাজ ছাড়িয়া দিলে অন্ততঃ এক মাস আগে নোটিশ দিতে হইবে।
- ৯। কেউ কাজ ছাড়িয়া দিলে পরবর্তী মাসের ২৫ তারিখে বেতন পাইবে এবং বেতনের ২০% কাটা যাইবে।
- ১০। অগ্রিম টাকা দেওয়া সম্পূর্ণ কোম্পানীর ইচ্ছা মতন, কাজেই কেহ অগ্রিম টাকার জন্য চাপ সৃষ্টি করিতে পারিবে না।
- ১১। কর্মস্থলে ইনচার্জ / সুপারভাইজারের আদেশ অনুসারে চলিতে হইবে এবং শিফটিং ডিউটি করিতে হইবে।
- ১২। প্রয়োজনে কোম্পানীর আদেশ অনুসারে চলিতে হইবে।
- ১৩। ইনচার্জ / সুপারভাইজার / অফিসের অনুমতি ছাড়া কর্মস্থল ত্যাগ করিয়া যাওয়া চলিবে না (কর্মস্থলে যাহারা থাকিবে তাহাদের ক্ষেত্রে)।
- ১৪। না জানাইয়া কর্মস্থল ছাড়িয়া গেলে আর্থিক জরিমানা / সাসপেন্ড / বদলী অথবা অন্যপ্রকার শাস্তি হইতে পারে।
- ১৫। পূর্বে না জানাইয়া কাজ ছাড়িয়া দিলে বেতন কাটা যাইতে পারে।
- ১৬। এমন কোনও কাজ করা চলিবে না যাহাতে অন্য আয়ার অসুবিধা হয়।
- ১৭। ডিউটির নির্দিষ্ট সময়ের আধ ঘন্টা আগে কর্মস্থলে উপস্থিত হইতে হইবে।
- ১৮। প্রত্যেক মাসের ৩ - ৫ তারিখে বেতন শুরু হইবে।
- ১৯। ভর্তি ফি বাবদ ৫০ টাকা জমা দিতে হইবে।
- ২০। ভর্তির সময় যে সমস্ত জেরক্স কপি নেওয়া হয় কাজ ছাড়িয়া দিলে সেগুলি ফেরত দেওয়া হইবে না।
- ২১। ভর্তি হওয়ার দিন থেকে অন্ততঃ তিন মাস কাজ করিতে হইবে।

আমি উপরোক্ত সমস্ত নিয়মাবলী মানিয়া কাজ করিতে রাজি আছি। কোম্পানীর নিয়মাবলী না মানিলে কোম্পানী প্রদত্ত যে কোনও শাস্তি পাইতে বাধ্য থাকিবে।